

নথি নং ১৭.০২.৩৩০০.০০০.৩৬.০০৪.২৩-০২

তারিখঃ ১৯/১১/২০২৩খ্রি.

## গণ-বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গাজীপুর জেলার ৫টি নির্বাচনী এলাকার (১৯৪-গাজীপুর-০১, ১৯৫-গাজীপুর-০২, ১৯৬-গাজীপুর-০৩, ১৯৭-গাজীপুর-০৪, ১৯৮-গাজীপুর-০৫) গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর ১২ অনুচ্ছেদের (৩) দফার (খ) উপদফার বিধান এবং নির্বাচন পরিচালনা বিধিমালা ২০০৮ এর ৩ বিধির (২) (খ) ও (৩) উপবিধি অনুসারে অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের বিধান রাখা হয়েছে। এ বিষয়ে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে জারি করা পরিপত্র-২ এর অনুচ্ছেদ (২) অনুযায়ী বাংলাদেশ নির্বাচন কমিশনের ওয়েবসাইট (<http://www.ecs.gov.bd>) থেকে অনলাইনে মনোনয়নপত্র পূরণের নির্দেশিকা অনুসরণ পূর্বক অনলাইনেই দাখিল করা যাবে।

### অনলাইনে মনোনয়নপত্র দাখিল পদ্ধতি

- (ক) ওয়েব পোর্টালে প্রবেশ করে মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তির নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনী এলাকার নম্বর ও নাম এন্ট্রি করে মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের পর মনোনয়নপত্র দাখিল ইচ্ছুক ব্যক্তি একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাবে। প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে মনোনয়নপত্র ডাউনলোড করতে পারবেন।
- (খ) ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করে প্রার্থী নিজের মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করে পিডিএফ আকারে দাখিল করতে পারবেন।
- (গ) উল্লিখিত পদ্ধতিতে মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল নম্বরে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস-এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত হইবে।
- (ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নং প্রদান করে উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং বাছাইয়ের স্থান, তারিখ ও সময় মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে উল্লেখপূর্বক স্বাক্ষর ও সীলমোহর প্রদান করে পিডিএফ আকারে প্রার্থীকে ইমেইলে প্রেরণ করেবেন।
- (ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্রে সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের জন্য নির্ধারিত দিনে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট দাখিল করতে হবে।

উল্লেখ্য, বর্তমান ঘোষিত তফসিল অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের সর্বশেষ সময় ৩০ নভেম্বর (বৃহস্পতিবার) ২০২৩খ্রি. বিকাল ৪.০০টা।

  
আবুল ফাতে মোহাম্মদ সফিকুল ইসলাম  
জেলা প্রশাসক, গাজীপুর  
এবং  
রিটার্নিং অফিসার

তারিখঃ ১৯/১১/২০২৩খ্রি.

নথি নং ১৭.০২.৩৩০০.০০০.৩৬.০০৪.২৩-০২

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক (প্রভ-১), জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৪. পুলিশ কমিশনার, গাজীপুর মেট্রো পলিটন পুলিশ, গাজীপুর
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, গাজীপুর সিটি কর্পোরেশন, গাজীপুর
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
৭. অধিনায়ক, ৬৩ বিজিবি ব্যাটালিয়ন, গাজীপুর
৮. অধিনায়ক, র‌্যাব-১, উত্তরা, ঢাকা
৯. পুলিশ সুপার, গাজীপুর
১০. জেলা নির্বাচন অফিসার, গাজীপুর
১১. উপজেলা নির্বাহী অফিসার, ..... (সকল), গাজীপুর
১২. ক্যান্টনমেন্ট এলিটিকউটিউ অফিসার, রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট, গাজীপুর
১৩. জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, গাজীপুর
১৪. জেলা তথ্য অফিসার, গাজীপুর
১৫. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ..... (সকল), গাজীপুর
১৬. সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেস ক্লাব, গাজীপুর
১৭. অফিস কপি।

জেলা প্রশাসক, গাজীপুর  
এবং  
রিটার্নিং অফিসার